

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.২৬৯.২০১৭- ২৫৬০


তারিখঃ ১৯ জুলাই ২০১৭  
০৪ শ্রাবণ ১৪২৪

বিষয় : রীট পিটিশন নং-৬৭৬৩/২০১৭ বাদী জনাব মোঃ রফিকুল ইসলাম নওশা মন্ডল, পিতা-মৃত-চাকাতুল্লা চেয়ারম্যান, ৬নং ধাপেরহাট ইউনিয়ন, থানা- সাদুল্লাপুর, জেলা- গাইবান্ধা -বনাম-সরকার ও অন্যান্য।

গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন ৬নং ধাপেরহাট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ রফিকুল ইসলাম নওশা মন্ডলকে সাময়িক বরখাস্ত করার আদেশকে চ্যালেঞ্জ করে রীট পিটিশন নং-৬৭৬৩/২০১৭ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত উক্ত আদেশ ০৬ (ছয়) মাসের জন্য স্থগিত করতঃ রফল ইস্যুপূর্বক জবাব দাখিলের জন্য বিবাদীগণকে নির্দেশ দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মাননীয় আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

  
(মোহাম্মদ শফিকুল আরিফ)  
উপসচিব  
ফোন-৯৫৪০১৯৭

জেলা প্রশাসক  
গাইবান্ধা।

অবগতি/ কার্যার্থে অনুলিপি :

- ১। উপসচিব (ইপ-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।